৪৪৮০
২৪।৯।১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র নং- ৫৮.০৪.০০০০.০২১.১৪.০০২.১৭-১২৯৩

তারিখঃ ০৪ আশ্বিন' ১৪২৪ বঙ্গাঃ
১৯ সেপ্টেম্বর'২০১৭ খ্রিঃ

বিষয়ঃ কারা কর্মকর্তা/কর্মচারীদের রেশন বাহিরে খোলা বাজারে বিক্রীর নীতিমালা প্রেরণ প্রসঙ্গে।

বরাতঃ কারা অধিদপ্তরের পত্র নং- ৫৮.০৪.০০০০.০০৩.০০১.০১.২০১৭-২৫ তারিখ ১৩-০৯-২০১৭ খ্রিঃ।

কারা কর্মকর্তা/কর্মচারীদের মৌলিক রেশন বাহিরে খোলা বাজারে বিক্রীর জন্য কারা অধিদপ্তর কর্তৃক গঠিত কমিটির খসড়া নীতিমালা/প্রস্তাবনা আপনাদের অবগতি ও মতামতের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো। পত্র প্রাপ্তির ৭ (সাত) কর্ম দিবসের মধ্যে সুনির্দিষ্ট মতামত প্রেরণ নিশ্চিত করতে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ নীতিমালা.................০১(এক) ফর্দ।

১৯।৯।১৭
মোহাম্মদ আবদুল্লাহ-আল-মামুন
সহকারি কারা মহাপরিদর্শক (প্রশাসন)
পক্ষে- কারা মহাপরিদর্শক।
ফোন- ৫৭৩০০৪৬৬ (দপ্তর)
aig.adm@prison.gov.bd

কারা উপ-মহাপরির্দক,
সকল বিভাগ, সকল সদর দপ্তর।

## বিভাগীয় দপ্তর

পত্র নং ৫৮.০৪.২৬০০.০৬১.০৩.০০১.১৭- ১৪১০(১৮)

তারিখঃ ২৫.০৯.২০১৭ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও পত্রের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সিনিয়র জেল সুপার/জেল সুপার------------------ কেন্দ্রীয়/জেলা কারাগার বরাবরে প্রেরণ করা হলো। উল্লেখ্য, বিক্রীর নীতিমালা অনুযায়ী কারা কর্মকর্তা/কর্মচারীদের রেশন বাহিরে খোলা বাজারে বিক্রীর বিষয়ে আপনার মতামত আগামী ০২.১০.২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে অত্র দপ্তরে প্রেরণের জন্য বলা হলো।

সংযুক্ত ঃ নীতিমালা---০১(এক) ফর্দ।

২৩।৯।১৭
মোহাম্মদ তৌহিদুল ইসলাম
কারা উপ মহাপরিদর্শক
ঢাকা বিভাগ, ঢাকা।
বিজে-০১৭৫০২০০৩০১
ফোন- ০২৫-৭৩০০২৬৬ (দপ্তর)
২৭।৯।১৭

**কারা কর্মকর্তা/কর্মচারীদের রেশনের খাদ্য শস্য/পন্য দ্রব্য (চাল,গম,তেল,চিনি,ডাল) বাহিরে খোলা বাজারে বিক্রির নীতিমালা প্রনয়ণ প্রসংগে ঃ-**

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-৫৮.০০.০০০০.০৮৪.৪৬.০০১.২০১০-৩৭৬ তারিখ-২০/০৮/২০১৭ খ্রিঃ এবং কারা অধিদপ্তরের স্মারক নং-৫৮.০৪.০০০০.০২১.১৪.০০২.১৭-১২১১ তারিখ ২৯/০৮/২০১৭ খ্রিঃ এর আলোকে গঠিত কমিটির সভাপতি ও সদস্যবৃন্দ-নিম্নস্বাক্ষরকারীগণ ১২/০৯/২০১৭ খ্রিঃ সকাল ১০:০০ ঘটিকায় কারা অফিসার্স মেস, ঢাকায় উপস্থিত হয়ে উর্পযুক্ত বিষয়ে একটি নীতিমালা প্রনয়ণের লক্ষ্যে রেশন সংশ্লিষ্ট বিদ্যমান বিধি বিধান ও নীতিমালা পর্যালোচনা করেন। পর্যালোচনা করে দেখা যায় যে, কারা কর্মকর্তা/কর্মচারীদের পারিবারিক ও একক রেশন ১০০% কারা সদস্যের মধ্যে মাসিক ভিত্তিতে সরবরাহ ও বিতরণ করা হয়। কারারক্ষি ও মহিলা কারারক্ষিসহ সকল কর্মকর্তা/কর্মচারী কারা এলাকায় বাসার স্বল্পতা ও অন্যান্য পারিবারিক কারণে অনেকেই পরিবার পরিজন নিয়ে কারা এলাকায় বসবাস করতে পারেন না। দেশের বিভিন্ন স্থানে তাদের পরিবারের সদস্যদের কাছে মাসিক ভিত্তিতে উত্তোলিত রেশন পরিবহন ব্যয় সহ পাঠানোর চেয়ে উহা বিক্রি করে টাকা পাঠানো সাশ্রয়ী হওয়াতে তারা রেশনের পরিবর্তে রেশনের বিক্রিত অর্থ পাঠানোতে উৎসাহী হন। ব্যারাকে অবস্থানকারী কারারক্ষিগণ তাদের একক রেশন হতে কিছু অংশ মেসের সদস্যদের খাদ্যের গুনগত মান উন্নয়নের লক্ষ্যে খোলা বাজারে বিক্রি করে থাকেন। বিশস্থ সূত্রে জানা যায় যে, অন্যান্য বাহিনীতে ব্যারাকে অবস্থানকারী সদস্যদের একক রেশন মেসে সরবরাহ করা হয়। সরবরাহকৃত রেশন হতে মেসের নানাবিধ প্রয়োজনে উদ্বৃত্ত রেশনের কিছু অংশ খোলা বাজারে বিক্রয় করা হলেও এ ক্ষেত্রে লিখিত কোন নীতিমালা নাই। রেশন ভোগকারী স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের বিভিন্ন সংস্থা/অন্যান্য বাহিনীতে বিদ্যমান খোলা বাজারে রেশন বিক্রয় ও ব্যবস্থাপনায় প্রথাগত রীতি অনুসারে এবং বাস্তব পরিস্থিতির আলোকে ব্যারাকে অবস্থানরতদের মেসে রেশনের অংশ বিশেষ বিবিধ প্রয়োজনে খোলা বাজারে বিক্রির জন্য কমিটি নিম্নলিখিত নীতিমালা/পন্থা অনুসরণ করার সুপারিশ করছেন ঃ-

১। প্রত্যেক কারা কর্মকর্তা/কর্মচারী একক ও পারিবারিক রেশন উত্তোলন করে নিজ আবাসনে নিতে পারবেন।

২। কারা এলাকায় ব্যবসায়িক উদ্দেশ্যে কোন কর্মকর্তা/কর্মচারী/অন্য কোন ব্যক্তি/ব্যক্তিবর্গ রেশন ক্রয়-বিক্রয় করতে পারবেন না।

৩। একক ও পারিবারিক উত্তোলিত রেশন ব্যবহারের পর উহার উদ্বৃত্তাংশ আত্মীয়-স্বজন/বন্ধু-বান্ধব/অন্যত্র হস্তান্তর করা যাবে।

৪। বিভিন্ন ব্যক্তির উত্তোলিত রেশন ব্যবহারের পর উদ্বৃত্ত রেশন সামগ্রী একত্রিত করে হস্তান্তর/বিক্রয় করা যাবে না।

৫। সরকারী খাদ্য গুদাম থেকে সরবরাহকৃত খাদ্য অধিদপ্তরের "মনোগ্রাম" খচিত বস্তায় কোন মালামাল কারা ক্যাম্পাসের বাইরে নেয়া যাবে না।

৬। ব্যারাকে অবস্থানরত গার্ডিং ষ্টাফগণ কর্তৃক প্রাপ্ত রেশন মেসে সরবরাহ করতে পারবেন। ব্যবহৃত রেশনের উদ্বৃত্ত অংশ মেস ম্যানেজার কর্তৃক স্বাক্ষরিত এবং জেলার কর্তৃক প্রতিস্বাক্ষরিত চালান/ভাউচার এর মাধ্যমে খোলা বাজারে হস্তান্তর/বিক্রয় করা যাবে।

৭। পরিবার-পরিজন কারা এলাকায় বসবাস না করলে তাদের রেশন দ্রব্য বিক্রয় করে বিক্রিত অর্থ পরিবারের বসবাসস্থলে পাঠানো যাবে।

৮। খোলা বাজারে হস্তান্তর/বিক্রয়ের উদ্দেশ্যে আনীত রেশন দ্রব্য কারাগারের বাউন্ডারী ওয়ালের ফটকে আর.পি কর্তৃক চেক/যাঁচাই-বাছাই করতঃ প্রত্যয়ন/ছাড়পত্র নিয়ে উক্ত দ্রব্যাদি কারা এলাকার বাইরে নেয়া যাবে।

৯। ব্যারাকের মেসে উদ্বৃত্ত রেশনের বিক্রিত অর্থ তাদের কল্যাণে/উন্নয়নে ব্যয় করা যাবে।

| | | |
|---|---|---|
| ১৩/৯/১৭ | ১৩/৯/১৭ | ১৩/৯/১৭ |
| আব্দুল কুদ্দুছ | মোঃ আব্দুল জলিল | মোঃ বজলুর রশীদ |
| জেল সুপার | সিনিয়র জেল সুপার | কারা উপ-মহাপরিদর্শক সদর দপ্তর |
| জেলা কারাগার,নেত্রকোণা | কেন্দ্রীয় কারাগার,সিলেট | কারা অধিদপ্তর |
| ও | ও | ও |
| সদস্য | সদস্য | সভাপতি |
| রেশন বিক্রয় নীতিমালা প্রনয়ণ কমিটি। | রেশন বিক্রয় নীতিমালা প্রনয়ণ কমিটি। | রেশন বিক্রয় নীতিমালা প্রনয়ণ কমিটি। |